

Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 19 April, 2025

বাগেরহাটে বাস-ইজিবাইক মুখোমুখি সংঘর্ষে সিয়াম গাজী(২০) নামের এক যুবক নিহত হয়েছেন।

শনিবার(১৯ এপ্রিল) সকালে বাগেরহাট-পিরোজপুর আঞ্চলিক মহাসড়কের বলভদ্রপুর বালিয়াডাঙ্গা নামকস্থানে এই দুর্ঘটনা ঘটে। এসময় ইজিবাইকের চালকসহ আরও তিনজন আহত হয়।

নিহত সিয়াম গাজী মোরেলগঞ্জ উপজেলার তেলিগাতী গ্রামের মজিবর গাজীর ছেলে। আহতরা হলেন, নিহতের বাবা মজিবর গাজী (৫০) প্রতিবেশী রশিদ খান (৭৫)ও ইজিবাইক চালক বাপ্পি (৩০)।

স্থানীয়দের বরাত দিয়ে মহেশপুরা পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক(এস আই) মোঃ তোমেজ উদ্দীন বলেন, সিয়াম ও তার বাবা তাদের একজন প্রতিবেশীকে নিয়ে ইজিবাইকে করে পিরোজপুর সদরে তাদের নিকট আত্মীয়ের মরদেহ দেখতে যাচ্ছিলেন। বলভদ্রপুর বালিয়াডাঙ্গা নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক অর্থাৎ পিরোজপুর থেকে বাগেরহাটের দিকে আশা একটি যাত্রীবাহী বাসের ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ইজিবাইকের চালকসহ চারজন গুরুতর আহত হয়। এর মধ্যে সিয়ামগাজী নামের একজনকে হাসপাতালে নেওয়ার পরে মারা যান। অন্যরা বাগেরহাট ২৫০ শয্যা জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

দুর্ঘটনার কারণ সম্পর্কে এই পুলিশ কর্মকর্তা বলেন, রাস্তার পাশে একটি বন্ধ ট্রাক রাখা ছিল।

যার ফলে ইজিবাইক এবং যাত্রীবাহী বাস কেউ কাউকে দেখতে পায়নি। যানবাহন দুটি ট্র্যাককে পদশ কাটিয়ে সড়ক অতিক্রম করার সময় বাসের সাথে তাদের মুখোমুখি সংঘর্ষ হয়।

বাগেরহাট ইজিবাইক দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:47

URL: <https://www.timestodaybd.com/across-the-country/1034418199>